

সকল সম্মানিত সদস্যের জন্য

প্রিয় মহোদয়,


আসসালামু আলাইকুম।

আপনারা অবগত রয়েছেন যে, কোভিড অতিমারি পরবর্তী পরিস্থিতি, ইউক্রেন-রাশিয়া যুদ্ধ, ইসরায়েল-ফিলিস্তিনি যুদ্ধ এবং সর্বোপরি বিশ্ব মন্দার কারণে পোশাক শিল্পের অর্ডার কমে গিয়েছে, অর্ডার বাতিল বা স্থগিত হচ্ছে। এতে পোশাক কারখানার মলিকগণ প্রতিনিয়ত আর্থিক ক্ষতির সম্মুখীন হচ্ছেন। সম্প্রতি তৈরী পোশাক কারখানার শ্রমিকদের মজুরি নির্ধারণকে কেন্দ্র করে কারখানা ভাংচুর, অগ্নি সংযোগ, মালামাল লুট, রাস্তা অবরোধ ইত্যাদি ঘটনা ঘটছে। সাম্প্রতিক ঘটনাসহ তৈরী পোশাক শিল্পের বিষয়ে বিভিন্ন পোশাক কারখানার মালিক বা ব্যবস্থাপনা পরিচালক সোস্যাল মিডিয়াতে বিভিন্ন প্রকার তথ্য দিচ্ছেন এবং বিভিন্ন তথ্য উপস্থাপন করছেন। এছাড়াও বিভিন্ন মহলে ও আন্তর্জাতিক বাজারে পোশাক শিল্পের ভাবমূর্তি ক্ষুণ্ণ করাসহ দেশের অর্থনীতিকে ক্ষতিগ্রস্ত করার জন্য দেশী-বিদেশী কিছু ব্যক্তি ও প্রতিষ্ঠান কারখানা কর্তৃপক্ষের নিকট বিভিন্ন পরিচয়ে বিভিন্ন তথ্য সংগ্রহ করে দেশী-বিদেশী মিডিয়াতে বাংলাদেশের পোশাক শিল্প সম্পর্কে বিভিন্ন অপপ্রচার চালাচ্ছে। ফলে বাংলাদেশের পোশাক শিল্পের উপর নেতিবাচক প্রভাব পড়ছে, যা দেশের অর্থনীতির জন্য হুমকিস্বরূপ।

পোশাক শিল্পে বর্তমানে উদ্ভূত পরিস্থিতি বিষয়ে গতকাল ১১/১১/২০২৩ তারিখে পোশাক শিল্প মালিকদের সমন্বয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন বিজিএমইএ'র সভাপতি জনাব ফারুক হাসান। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিজিএমইএ'র প্রাক্তন সভাপতি ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র জনাব মোঃ আতিকুল ইসলাম, ইন্ডাস্ট্রিয়াল পুলিশের অতিরিক্ত মহাপরিদর্শক, ইন্ডাস্ট্রিয়াল পুলিশের উপ-মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ ঢাকা রেঞ্জের উপ-মহাপরিদর্শক, ইন্ডাস্ট্রিয়াল পুলিশের অতিরিক্ত উপ-মহাপরিদর্শক, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ আশুলিয়া ও গাজীপুর অঞ্চলের পুলিশ সুপার, ঢাকা ও গাজীপুর জেলার পুলিশ সুপার, বিজিএমইএ'র সিনিয়র সহ-সভাপতি জনাব এস.এম. মান্নান (কচি), সহ-সভাপতিবৃন্দ ও পরিচালকবৃন্দ। সভায় পোশাক শিল্প সংক্রান্ত তথ্যাবলি সরবরাহের বিষয়ে অধিকতর সতর্কতা অবলম্বনের জন্য গুরুত্বারোপ করা হয়।

এমতাবস্থায়, পোশাক শিল্পের ভাবমূর্তি রক্ষার্থে এবং দেশের অর্থনীতির বৃহত্তর স্বার্থে সোস্যাল মিডিয়ায় এবং দেশী-বিদেশী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে তৈরী পোশাক শিল্প বিষয়ক তথ্যাদি প্রদান না করার জন্য বিশেষভাবে অনুরোধ করছি। প্রয়োজনে তথ্যাদি সংগ্রহের জন্য তাদেরকে বিজিএমইএ'র সাথে যোগাযোগ করার জন্য বলা যেতে পারে।

ধন্যবাদান্তে,


মোঃ ফয়জুর রহমান
মহাসচিব